



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর

বাড়ি নং ৪৪(২য় তলা), সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmeat.gov.bd



স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০২.২১-১৩৫

তারিখ : ০৩ বৈশাখ ১৪৩০
১৬ এপ্রিল ২০২৩

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তিটি বহল প্রচার প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দেশের অভ্যন্তরে সরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি. গবেষকদের ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারণার সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১. পিএইচ.ডি ফেলোশিপ ও বৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বিতরণ :

১. উপাচার্য, সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।
২. রেজিস্টার, সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।
২. অফিস কপি।


(জান্নাতুল ফেরদৌস)
উপ-পরিচালক (উপসচিব)

ফোন: ৫৫০০০৪২৫

ই-মেইল: dd@pmeat.gov.bd

DHR DF

৩০২০
২০/০৫/২৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১.১৬২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি


বিষয়: বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পিএইচডি শিক্ষার্থীদের থেকে ট্রাস্টের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে ফেলোশিপের জন্য আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরস্থ সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

আবেদনের নিয়ম ও শর্তাবলি:

- পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীবৃন্দ অনলাইনের মাধ্যমে (www.eservice.pmeat.gov.bd/mnp) আবেদন করবেন।
- আগামী ২৪ এপ্রিল ২০২৩ খ্রি: হতে ২৩ মে ২০২৩ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন প্রেরণের কোন সুযোগ থাকবে না।
- সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ (জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০) থাকতে হবে। বৃত্তির জন্য আবেদনের সর্বশেষ তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।
- অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি ও পিএইচডি রেজিস্ট্রেশনের কপি সংযোজন (Upload) করতে হবে।
- আবেদনকারী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগ প্রধানের প্রত্যয়ন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।
- কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- বিস্তারিত জানতে ওয়েবসাইট হতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ দেখা যেতে পারে।

হট লাইন: ০১৭৭৮৯৫৮৩৫৬
০১৭৭৮৯৬৪১৫৬


(আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯১২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd